

FALAKATA COLLEGE

Test Examination 2019-20

Subject - Bengali (Hons.)

Paper : V & VI

Full Marks - 100

Time - 4 hrs.

(পঞ্চম ও ষষ্ঠ পত্র একত্রে)

- ১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০x৪=৪০
- ক) কমেডির শ্রেণিবিভাগ করে যে কোনো একটি শ্রেণির পরিচয় দাও ।
- খ) রূপক নাটক কাকে বলে ? বাংলায় রচিত একটি রূপক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- গ) উনিশ শতকের প্রথমার্ধে কলকাতার যে সব বিদেশি রঙ্গালয়ে নাট্যচর্চা হতো তাদের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ঘ) 'একই সঙ্গে রোমান্টিকতা ও ক্লাসিকতার মিশ্রণে চম্পা কবিতাটি যথেষ্ট তাৎপর্যময় হয়ে উঠেছে ।' - মন্তব্যটির আলোকে কবিতাটি আলোচনা করো ।
- ঙ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায় রোমান্টিকতার যে নব নির্মাণ করেছেন, তার স্বরূপ ব্যাখ্যা করো ।
- চ) 'উটপাখি' কবিতার নিরিখে সুধীন্দ্রনাথকে নৈরাশ্যবাদী কবি বলার যৌক্তিকতা বিচার করো ।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১৬x৩=৪৮
- ক) 'নীলদর্পন' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্বের পরিচয় দাও । আঞ্চলিক কথ্য ভাষার প্রয়োগ এই সংলাপকে সমৃদ্ধ করেছে কিনা দেখাও ।
- খ) 'ছেঁড়াতার' নাটকটিকে সার্থক ট্রাজেডি বলা যায় কি না আলোচনা করো ।
- গ) 'মুক্তধারা' নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতা ও হিংসাত্মক জাতীয়তার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন । - আলোচনা করো ।
- ঘ) পৌরাণিক নারী চরিত্রগুলি কিভাবে মধুসূদনের হাতে নবরূপ লাভ করেছে তা আলোচনা করো । প্রসঙ্গত বীরাজনা কাব্যকে নারীমুক্তির কাব্য বলা যায় কি ?
- ঙ) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার যে প্রকাশ ঘটেছে তার সম্যক পরিচয় দাও ।
- চ) 'নবজাতক' কাব্যগ্রন্থের 'বুদ্ধভক্তি' কবিতায় রবীন্দ্রমানসের কী পরিচয় পাওয়া যায় ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪x৩=১২

- ক) 'গুরুপত্নী চাহে ভিক্ষা, দেহ ভিক্ষা তারে।' - উদ্ধৃতিটিতে কোন গুরুপত্নীর কথা বলা হয়েছে? তিনি কার কাছে কী ভিক্ষা চেয়েছেন?
- খ) 'হেরি কাহার নয়ান, / রাধিকার অশ্রু আঁখি পড়েছিল মনে?' - উদ্ধৃতাংশটি কোন কবিতার অন্তর্গত? অংশটির তাৎপর্য বুঝিয়ে লেখো।
- গ) 'না খাওয়া শুটকাটা তার শুটকীক্ ডাকি কয় / প্যাট না থাকিলেই মানুষ সুখী হইল হয়।' - তাৎপর্য ব্যাখ্যা করো।
- ঘ) 'ও ব্যামন কুকুর মুই তেমন মুগুর, সমিন্দির ব্যামন চাবালি, মোর তেমনি হাতের পৌঁচা।' - বক্তা কে? কোন প্রসঙ্গে এই উক্তি? এর অর্থ বুঝিয়ে দাও।

FALAKATA COLLEGE

Test Examination 2019-20

Subject - Bengali (Hons.)

Paper : VII & VIII

Time - 4 hrs.

Full Marks - 100

- ১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩x১৬=৪৮
- ক) 'ধাত্রীদেবতা'কে কি রাজনৈতিক উপন্যাস বলা যায় ? প্রসঙ্গত, সমকালীন দেশকাল 'ধাত্রীদেবতা' উপন্যাসে কতখানি প্রতিফলিত হয়েছে আলোচনা কর।
- খ) 'আঞ্চলিক উপন্যাস হিসেবে 'পদ্মানদীর মাঝি' কতটা শিল্প সার্থক তা আলোচনা কর।
- গ) 'জাগরী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার কর।
- ঘ) 'বিভাব-অনুভাব ও সঞ্চারীভাবের সমন্বয়ে কীভাবে রস নিষ্পত্তি হয় তা আলোচনা করে দেখাও।
- ঙ) 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার পরিচয় দাও।
- চ) প্রবন্ধ রচনা করো : (যে কোনো একটি)
- i) মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজজীবন
ii) ছোটগল্পকার রবীন্দ্রনাথ ঠাকুর
iii) বাংলা আঞ্চলিক উপন্যাস
- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪x১০=৪০
- ক) 'ত্রয়ী উপন্যাসের' (Trilogy) প্রথম খণ্ড হিসেবে 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাস কতটা শিল্পসার্থক তা লিখ।
- খ) সত্যবতী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) 'পুঁইমাঁচা' গল্পের পরিণতির শিল্প সার্থকতা বিচার কর।
- ঘ) 'স্টেড' গল্পটি মনস্তাত্ত্বিক গল্প হিসেবে কতখানি সার্থক লিখ।
- ঙ) ছোটগল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে একটি ছোটগল্পের শিল্প সার্থকতা বিচার কর।
- চ) নরেন্দ্রনাথ মিত্র মধ্যবিত্ত জীবনের রূপকার - 'চড়াই-উৎরাই' গল্প অবলম্বনে আলোচনা কর।
- ছ) কালিদাসের 'মেঘদূতম্' কাব্যটির শিল্প সার্থকতা বিচার কর।
- জ) নাট্যকার হিসেবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের সার্থকতা বিচার কর।

- ঝ) প্রেমচাঁদ ও বাংলা সাহিত্যের সংযোগ বিষয়ে একটি নাতিদীর্ঘ আলোচনা কর।
- ৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩x৪=১২
- ক) 'দেশ কি মাটি শিবনাথ ? দেশকে খুঁজতে হয় গ্রামের মধ্যে, শহরের মধ্যে।' -
বক্তার কোন্ মনোভাবের পরিচয় পাওয়া যায় ?
- খ) 'কিন্তু শরীরের দিকে তাকাইবার অবসর কুবেরের নাই।' - কেন অবসর
নেই ?
- গ) 'রাজ্যীয় পরিবার' বলতে কী বোঝায় ?
- ঘ) রসকে অলৌকিক বলা হয় কেন ?
- ঙ) 'নীরব কবিত্ব' কে রবীন্দ্রনাথ 'বাজে কথা' বলেছেন কেন ?